# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৩- ১২৬৬ তারিখ ঃ ২৩/১০/২০২৩ খ্রি.

## মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

| | | |
|---|---|---|
| সভার নম্বর | ঃ | ৩৫ (পয়ত্রিশ) |
| সভাপতি | ঃ | জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা |
| তারিখ | ঃ | ২৩ অক্টোবর, ২০২৩ খ্রি. |
| বার | ঃ | রোজ সোমবার |
| সময় | ঃ | ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষ |

**সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

০১। জনাব নাজমা আকতার, কাউন্সিলর, ০১নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০২। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, ০২নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৩। জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, ০৩নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৪। জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৫। জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর, ০২নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৬। জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ০৩নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর, ০৪নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৮। জনাব আব্দুর রাজ্জাক, কাউন্সিলর, ০৫নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৯। জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, ০৬নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১০। জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর, ০৭নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১১। জনাব আবু মোঃ নাহিদ, কাউন্সিলর, ০৮নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১২। জনাব উজ্জল হোসেন, কাউন্সিলর, ০৯নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

সভার প্রারম্ভে মেয়র সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদেরকে স্বাগত এবং শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকল সদস্যদেরকে পর্যায়ক্রমে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করেন এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে অদ্যকার সভার আলোচ্য সূচী উপস্থাপন পূর্বক সভার পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।

আলোচ্য সূচি-০১ ঃ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ-**

আলোচনা ঃ সভায় মেয়র কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী ২০/০৯/২০২৩ খ্রি. তারিখ সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

**সিদ্ধান্ত** ঃ বিগত সভার কার্যবিবরণী শ্রবণান্তে কোনরূপ পরিবর্তন ও সংশোধন না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য সূচি-০২** ঃ **রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, IUGIP প্রকল্পের নির্দেশনা অনুসারে মানিকগঞ্জ পৌরসভার বকেয়া টেলিফোন বিল, বিদ্যুৎ বিল, BMDF প্রকল্পের ঋণের কিস্তি ইত্যাদি পরিশোধ না থাকলে প্রকল্প থেকে মানিকগঞ্জ পৌরসভাকে বাদ দেওয়ার সম্ভবনা রয়েছে। তাই পৌরসভার সকল প্রকার কর আদায় ইউনিটকে সচেতন করতে হবে। পাশাপাশি কর আদায় কাজে কাউন্সিলরবৃন্দদেরকে সার্বিক ভাবে সহযোগিতা করতে হবে। তিনি আরো বলেন যেহেতু মানিকগঞ্জ পৌরসভা IUGIP প্রকল্পের অন্তর্ভূক্ত হয়েছে তাই প্রকল্পের স্বার্থে সকল প্রকার সেবা প্রদানের ক্ষেত্রে কর আদায় বাধ্যতামূলক ও অপরিহার্য হয়ে পড়েছে। কর আদায় ক্ষেত্রে দৃষ্টি বাড়াতে হবে তবেই রাজস্ব আদায় বৃদ্ধি পাবে। IUGIP প্রকল্পের কার্যক্রম অক্ষুন্ন রাখতে সকল প্রকার নাগরিক সেবা প্রদানের সময় পৌরকর প্রদানকে বাধ্যতামূলক করার বিষয়ে কাউন্সিলরবৃন্দ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে IUGIP প্রকল্প বাস্তবায়নের স্বার্থে নাগরিক সেবা প্রদানে সকল ক্ষেত্রে পৌর কর আদায়কে বাধ্যতামূলক করার বিষয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

**আলোচ্য সূচি-৩** ঃ **উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, উন্নয়ন খাতের আওতায় উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য প্রাপ্ত কিস্তির বিষয় ইতোপূর্বের সভায় আলোচনা হয়েছে। উল্লেখিত অর্থের বিপরীতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। ইতোপূর্বে মানিকগঞ্জ পৌরসভায় কোভিড-১৯, IUGIP সহ অন্যান্য বিভিন্ন উন্নয়ন প্রকল্পে রাস্তাঘাট, ড্রেন নির্মিত হচ্ছে। তৎপরিপ্রেক্ষিতে বিভিন্ন প্রকল্পে অর্থ খরচের পর গুরুত্বের দিক আলোচনা করে রাজস্ব খাতে নতুন প্রকল্প অনুমোদন করা যেতে পারে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে গুরুত্বের দিক বিবেচনা করে পরবর্তী সভায় উন্নয়ন তহবিলের (ADP) আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

**আলোচ্য সূচি-৪** ঃ **ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা ঃ-**

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, বাংলাদেশ সহ মানিকগঞ্জ পৌর এলাকায় ডেঙ্গু জ্বর ব্যাপক ভাবে বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ ও জন-সচেতনতা আরো বৃদ্ধি করা প্রয়োজন। ডেঙ্গু ও মশক নিধন বাস্তবায়ন কর্মসূচির বিষয়ে প্রত্যেক কাউন্সিলর তার নিজ নিজ এলাকায় গুরুত্বপূর্ণ স্থান সমূহ পরিষ্কার পরিচ্ছন্নতা করবেন ও মশক নিধন অভিযান পরিচালনা করবেন এবং জনগণকে সচেতন করার জন্য নির্ধারিত সভা করবেন মর্মে গত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। ইতোমধ্যে স্বল্প সংখ্যক ওয়ার্ডে পরিস্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান এবং সভা অনুষ্ঠান কার্যক্রম সম্পন্ন হয়েছে। যে সমস্ত ওয়ার্ডে উক্ত কার্যক্রম সম্পন্ন করা হয়নি, সে সমস্ত ওয়ার্ডে জরুরী ভিত্তিতে উল্লেখিত কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। মেয়র, কাউন্সিলরদের উদ্দেশ্যে বলেন সে সমস্ত ওয়ার্ডে এখনো পরিস্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান কার্যক্রম বাস্তবায়ন হয়নি সেসব ওয়ার্ড সমূহে জরুরী ভিত্তিতে পরিস্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান কার্যক্রম বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। ওয়ার্ড ভিত্তিক পরিষ্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান এবং ডেঙ্গু রোগ প্রতিরোধ সম্পর্কে

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সচেতনতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কাউন্সিলরগণ বলেন গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিস্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান পরিচালনা করার জন্য বরাদ্দকৃত টাকা অগ্রীম দেওয়া প্রয়োজন। এ প্রসঙ্গে মেয়র বলেন গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কাজ বাস্তবায়নের পর বিল দাখিল করা হলে পৌরসভার রাজস্ব তহবিল হতে বিল পরিশোধ করা হবে। ডেঙ্গু প্রতিরোধে জন-স্বার্থে কাউন্সিলরগণকে আরো সচেতন হওয়ার পুনরায় আহ্বান জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পৌরসভার যে সকল ওয়ার্ডে পরিস্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান কার্যক্রম বাস্তবায়ন হয়নি সেসকল ওয়ার্ডে কাউন্সিলরদের উদ্যোগে অতিসত্তর পরিস্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান এবং জনসচেতনতা মূলক সভার আয়োজন করার পুনঃ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

আলোচ্য সূচি-৫ ঃ **০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধন সংক্রান্ত আলোচনা ঃ**

আলোচনা ঃ সভায় অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌর এলাকার সকল ০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধন বাধ্যতামূলক হওয়ায় প্রতিটি শিশুর টিকা দেওয়ার পূর্বে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করে সরকার পরিপত্র জারি করেছে। পরিপত্রটি সভায় পুনঃ উপস্থাপন করা হয়। পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ০-৪৫ দিনের মধ্যে প্রতিটি শিশুর জন্ম নিবন্ধন বাধ্যতা মূলক। তৎপরিপ্রেক্ষিতে জন্ম নিবন্ধন বিষয়টি নিয়ে কাউন্সিলবৃন্দ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ০-৪৫ দিনের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন বাধ্যতামূলক বিধায় যে কোন ধরনের সভা সমাবেশে ০-৪৫ দিনের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন বাধ্যতামূলক বিষয়ে আলোচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং টিকা দেওয়ার পূর্বে বাধ্যতামূলক জন্ম নিবন্ধন করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

আলোচ্য সূচি-৬ ঃ **মাসিক হিসাব বিবরণী উপস্থাপন ও স্থিরিকরণ ঃ**

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা সেপ্টেম্বর ২০২৩ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৪,১৩,১৯,৫৫১.৬৩ (চার কোটি তেরো লক্ষ উনিশ হাজার পাঁচশত একান্ন টাকা তেষট্টি পয়সা) ও ব্যয় হয়েছে ১,৪৮,৩৪,৭০০.৫৪ (এক কোটি আটচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার সাতশত চুয়ান্ন পয়সা) মাত্র । উপস্থাপিত হিসাব বিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় কাউন্সিলরগণ বলেন আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে যা নিয়ন্ত্রণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত সেপ্টেম্বর ২০২৩ মাসের হিসাব বিবরণী অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো এবং আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতের ব্যয় কমানোর জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি-৭ ঃ <u>জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস ও স্থানীয় সরকার দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে খরচের কার্যোত্তর অনুমোদন</u>

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক গত ১৭/০৯/২০২৩ খ্রি. তারিখ স্থানীয় সরকার দিবস ও গত ০৬ অক্টোবর জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদ্‌যাপন করা হয়। জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালন উপলক্ষ্যে ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত)

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

টাকা এবং স্থানীয় সরকার দিবস উদ্‌যাপন উপলক্ষে ১,৫৩,৪৮৮/- (এক লক্ষ তিপ্পান্ন হাজার চারশত আটাশি) টাকা খরচ হয়। উক্ত দিবস সমূহ উদ্‌যাপন ও দিবস সমূহের বিভিন্ন খরচ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উপলক্ষ্যে ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) ও জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ উদ্‌যাপন ব্যয় বাবদ ১,৫৩,৪৮৮/- (এক লক্ষ তিপ্পান্ন হাজার চারশত আটাশি) টাকার বিল কার্যোত্তর অনুমোদন সহ পৌরসভার রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

আলোচ্য সূচি-৮ ঃ **শেখ রাসেল দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ব্যয়ের কার্যোত্তর অনুমোদন ঃ**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, গত ১৮/১০/২০২৩ খ্রি. তারিখ মানিকগঞ্জ পৌরসভা জেলা প্রশাসনের সমন্বয়ে শেখ রাসেল দিবস উদ্‌যাপন করা হয়। শেখ রাসেল দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ব্যানার ফেস্টুন তৈরী সহ ফুলের তোড়া ক্রয় ও বিভিন্ন ভাবে সর্বমোট ২৯,৫০০/- (উনত্রিশ হাজার পাঁচশত) টাকা খরচ করা হয়। উক্ত খরচের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে শেখ রাসেল দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে সর্বমোট ২৯,৫০০/- (উনত্রিশ হাজার পাঁচশত) টাকার বিল কার্যোত্তর অনুমোদন সহ পৌরসভার রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য সূচি-৯ ঃ **বিভিন্ন কমিটির সুপারিশ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভায় পৌর পরিষদকে বিভিন্ন কার্যক্রমে সহায়তা করার জন্য ১৭(সতেরো) টি স্থায়ী কমিটি ও ৯টি ওয়ার্ডের জন্য ৯টি ওয়ার্ড কমিটি রয়েছে। উল্লেখিত স্থায়ী কমিটি ও ওয়ার্ড কমিটির প্রতি ০৩(তিন) মাস পরপর সভা অনুষ্ঠিত হয় এবং উল্লেখিত সভায় বিভিন্ন সুপারিশ করা হয়। চলতি মাসে কোন কমিটির সভা অনুষ্ঠিত হয়নি। মানিকগঞ্জ পৌরসভার গঠিত শহর সমন্বয় কমিটি (টিএলসিসি), বিভিন্ন ধরণের স্থায়ী কমিটি ও ওয়ার্ড কমিটির সভা অনুষ্ঠিত হলে সভার সিদ্ধান্ত সমূহ পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভায় গঠিত বিভিন্ন ধরনের কমিটির সভা যথা সময়ে করার এবং সভার সিদ্ধান্ত সমূহ পরবর্তী পৌর পরিষদ সভায় উপস্থাপনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য সূচি-১০ ঃ **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনুর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালিকা (অনুর্ধ্ব-১৭)-২০২৩-এ মানিকগঞ্জ পৌরসভা দল অংশ গ্রহণ বিষয়ে আলোচনা ও খেলাধুলার খরচের অনুমোদন**

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনুর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালিকা (অনুর্ধ্ব-১৭)-২০২৩-এ মানিকগঞ্জ পৌরসভা দল অংশ গ্রহণ এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনুর্ধ্ব-১৭)-

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

তে চ্যাম্পিয়ন হয়। খেলা দুটিতে অংশ গ্রহণ উপলক্ষ্যে খেলোয়ারদের জুতা, গাড, মোজা, ইনার, প্লাবস, খেলোয়ারদের পারিশ্রমিক ও খাবার সামগ্রীর ব্যবস্থা করা হয়। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালিকা (অনুর্ধ্ব-১৭)-২০২৩ অংশ গ্রহণের জন্য সর্বমোট ৬৯,১৯০/- (উনসত্তুর হাজার একশত নব্বই) টাকা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনুর্ধ্ব-১৭) ২০২৩- এ অংশ গ্রহণের জন্য সর্বমোট ৮৭,০১০/- (সাতাশি হাজার দশ) টাকা খরচ হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত ফুটবল টুর্নামেন্ট সমূহে অংশ গ্রহণ বাবদ সর্বমোট ১,৫৬,২০০/- (এক লক্ষ ছাপ্পান্ন হাজার দুইশত) টাকার বিল কার্যোত্তর অনুমোদন সহ পৌরসভার রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

বিবিধ-০১ ঃ **দুর্গা পূঁজা উপলক্ষ্যে পৌর এলাকার বিভিন্ন মন্দিরে আর্থিক সহায়তা প্রদান বিষয়ে আলোচনা।**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, বিগত ০৯/১০/২০২৩ খ্রি. তারিখ রোজ সোমবার পৌর এলাকার হিন্দু সম্প্রদায়ের বিভিন্ন মন্দিরের সভাপতি/সাধারণ সম্পাদক, পূঁজারীবৃন্দ ও মন্দির সমূহের প্রতিনিধিদের নিয়ে পূজাঁর্চনা সংক্রান্ত বিষয়ের উপর মেয়র ও কাউন্সিলরদের উপস্থিতিতে পৌরসভার সভা কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভার সিদ্ধান্ত সমূহ সভায় পাঠ করে শুনানো হয়। উল্লেখিত মতবিনিময় সভায় প্রতিটি মন্দিরের যাতায়াতের রাস্তা সংস্কার, আলোকিত করন, আইন শৃঙ্খলা রক্ষার্থে পৌরসভার মাধ্যমে ভলেন্টিয়ার নিয়োগ, মন্দিরের প্রতিমা সমূহ বিষর্জনের স্থান আলোকিত করন সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। পূঁজা উদ্‌যাপন কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক সভাকে জানান যে, দূর্গা পূঁজা উদযাপন অনুষ্ঠান আমাদের বড় ধর্মীয় অনুষ্ঠান, আর এ অনুষ্ঠানে খরচও অত্যন্ত বেশি। তাই এই দূগাপূঁজা উদ্‌যাপনে পৌরসভার মাধ্যমে আর্থিক অনুদান দেয়া প্রয়োজন। পূঁজা উদ্‌যাপন পরিষদ আরো জানান যে, পৌর এলাকায় বিভিন্ন ওয়ার্ডে পূঁজা মন্ডপ পরিদর্শনের জন্য যাতায়াত বাবদ গাড়ী দেওয়া প্রয়োজন। এ বিষয়ে কাউন্সিলরগণ বলেন একটি নির্ধারিত দিনে পূঁজা মন্ডপ সমূহে পরিদর্শনের জন্য পৌরপরিষদের সদস্যদের যাতায়াত সহ বিভিন্ন খরচ অনুমোদন প্রয়োজন। উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পৌর এলাকার প্রতিটি মন্দিরে পূঁজা অর্চনা করার জন্য প্রতিটি মন্দিরের পূঁজারীবৃন্দের হাতে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা হিসেবে অনুদান সহ পূঁজা উদ্‌যাপন পরিষদ ও পৌর পরিষদের যাতায়াত ও অন্যান্য খরচ সহ সর্বমোট ৩,১৫,০০০/- (তিন লক্ষ পনের হাজার) টাকা অনুদান হিসেবে প্রদানের কার্যত্তোর অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

বিবিধ-০২ ঃ **বিভিন্ন কমিটির সদস্যদের যাতায়াত/আপ্যায়ন ভাতা বৃদ্ধি করণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

**আলোচনা** ঃ মেয়র সভাকে জানান যে, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি একটি গুরুত্ব পূর্ণ কমিটি। এ কমিটিতে বিভিন্ন শ্রেণী পেশার লোক অন্তর্ভূক্ত রয়েছে। তাই কমিটির সকল সদস্যদের যাতায়াত/আপ্যায়ন বাবদ অর্থ বৃদ্ধি করা প্রয়োজন। পৌর নির্বাহী কর্মকর্তা সকলকে অবহিত করেন যে, গত ০৯ আগস্ট, ২০২৩ খ্রি. তারিখ পৌর পরিষদের ৩৩তম মাসিক সাধারণ সভায় বিবিধ ৯ এ বিভিন্ন কমিটির যাতায়াত/আপ্যায়ন ভাতা বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা নির্ধারণ করা হয়েছিল। ২০২৩-২০২৪ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেটে বিভিন্ন কমিটির ভাতা বাবদ ৭০০/- (সাতশত) টাকা ধার্য রয়েছে। সার্বিক দিক বিবেচনায় বিভিন্ন কমিটির সদস্যদের যাতায়াত/আপ্যায়ন ভাতা বৃদ্ধির বিষয়ে উপস্থিত কাউন্সিলরবৃন্দ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট মোতাবেক নভেম্বর ২০২৩ খ্রি. হতে বিভিন্ন কমিটি সহ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সদস্যদের যাতায়াত/আপ্যায়ন ভাতা ৫০০/- (পাঁচশত) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ৭০০/- (সাতশত) টাকা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

**বিবিধ-০৩** ঃ **পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে প্ল্যান বহির্ভুত বহুতল ভবন নির্মাণ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-**

**আলোচনা** ঃ ০১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব আবুল কালাম আজাদ, ০৩নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ তছলিম মিয়া, ০২নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর জনাব রাজিয়া সুলতানা, ০৬ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব শায়েখ শিবলী এবং ০৮নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব আবু মোঃ নাহিদ সভাকে অবহিত করেন যে, তাদের নির্বাচনী এলাকায় অনুমোদনহীন বহুতল ভবন নির্মিত হচ্ছে। প্রকৌশল শাখার মাধ্যমে ড্রইং ডিজাইন মোতাবেক ভবন নির্মাণ কাজ হচ্ছে কিনা সে বিষয়ে তদারকি জোরদার করা প্রয়োজন বলে সংশ্লিষ্ট কাউন্সিলরগণ মনে করেন। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে, সম্প্রতি পৌর এলাকায় বে-আইনী ভাবে বিভিন্ন স্থানে ইমারত উত্তোলন হচ্ছে। এতে জনসাধারণ বে-আইনী পন্থায় নির্মাণ কাজ বাস্তবায়ন করার প্রতি একটি সুযোগ পেয়ে যাচ্ছে। পৌরসভার মাধ্যমে অবৈধ নির্মাণ কাজের বিরুদ্ধে কোন কার্যক্রম গ্রহণ করা না হলে বে-আইনী কাজ নির্মাণে জনসাধারণ উদ্বুদ্ধ হবে এবং বে-আইনী নির্মাণ কাজের জন্য ভবিষ্যতে এর পরিনাম ভয়াভহ হতে পারে। বর্তমান পরিস্থিতিতে নিম্নলিখিত ভবনগুলির বে-আইনী ভাবে নির্মিত অংশ অপসারণের ব্যবস্থা করা প্রয়োজন। সংশ্লিষ্ট বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয়।

| ক্রঃ নং- | ভবন মালিকের নাম | বে-আইনী ভাবে নির্মিত অংশের বিবরণ | প্রস্তাবনা |
|---|---|---|---|
| ০১ | বাবু লাল সাহা<br>পিতা-শ্রী গুরুদাস সাহা | অত্রাফিসের স্মারক নং-মাপৌস/প্রকৌঃ ২০২১/৩২০ তারিখঃ ২২/৩/২০২১ | প্ল্যান ভহির্ভূত ০৪ তলার |

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

| | | | |
|---|---|---|---|
| | সাং-পূর্ব দাশড়া, মানিকগঞ্জ। | মারফত দাশড়া মৌজার আরএস ১৯০২ নং দাগে ৪ তলার অনুমোদন নিয়ে ৫ তলা ভবন নির্মাণ করছেন। অবৈধ ভাবে তার পাশের ভবনের সাথে রাস্তার উপর দিয়ে দোতলা, তিনতলা স্টীলের সংযোগ বারান্দা দিয়েছেন। | উপরের অংশ এবং রাস্তার উপর থেকে সংযোগ বারান্দা অপসারণ করতে হবে। |
| ০২ | ধলেশ্বরী হাউজিং লিঃ এর পক্ষে চেয়ারম্যান জাকির হোসেন, গার্লস স্কুল রোড, মানিকগঞ্জ। | কালীবাড়ী এলাকায় কালী মন্দিরের রাস্তার পূর্ব পার্শ্বে ১০ তলা ভবনের অনুমোদন নিয়ে ১১ তলা নির্মাণ করেছে। ভবনের পশ্চিম পার্শ্বে দোতলা থেকে ক্যান্টিলিভার করে রাস্তার জায়গা দখল করেছে। | প্ল্যান ভহির্ভূত ১০ তলা উপরের অংশ এবং ভবনের পশ্চিম পার্শ্বে রাস্তার দিকে ক্যান্টিলিভার অংশ অপসারণ করতে হবে। |
| ০৩ | শলীল কুমার সেন<br>পিতা- ধরনী মোহন সেন<br>সাং- ১৯১, শহীদ রফিক সড়ক, মানিকগঞ্জ। | অত্রাফিসের স্মারক নং- মাপৌস/প্রকৌঃ-২০২০/৩৭; তারিখঃ ১৬/০১/২০২০ মারফত ৫তলা ভবন নির্মাণের অনুমতি নিয়ে কাজ করলে ভবনের উত্তর পার্শ্বে নক্সায় কোন ক্যান্টিলিভার না থাকলেও তিনি ক্যানুন্টিলিভার দিয়ে রাস্তার আংশিক অবরোধ করেছেন। | শলীল কুমার সেন এর অবৈধ ভাবে নির্মিত ক্যান্টিলিভার অংশ অপসারণ করতে হবে। |
| ০৪ | মোঃ খলিলুর রহমান<br>পিতামৃত- রফিজ উদ্দিন<br>সাং- পূর্ব দাশড়া, মানিকগঞ্জ। | নক্সা অনুমোদন না নিয়ে ৪ তলা পাকা ইমারত সরকারি জায়গা পেচিয়ে নির্মাণ করিতেছে। | প্ল্যান ভহির্ভূত ৪ তলা পাকা ইমারত অপসারণ করতে হবে। |
| ০৫ | গনেশ সাহা গং<br>পিতামৃত- হরিমোহন সাহা<br>সাং- পূর্ব দাশড়া, মানিকগঞ্জ। | অনুমোদন নক্সা বহিভূর্ত রাস্তা পেচিয়ে সীমানা প্রাচীর নির্মাণ করিতেছে। | অনুমোদিত নক্সা ভহির্ভূত সীমানা প্রাচীর অপসারণ করতে হবে। |
| ০৬ | নূরে আলম আলোক<br>পিতা-<br>শহীদ রফিক সড়ক, মানিকগঞ্জ। | অত্রাফিসের স্মারক নং- ১৬/৯৪ তারিখঃ ১০/০১/১৯৯৪ খ্রি. মোতাবেক দোতলা ভবন নির্মাণের অনুমতি নিয়ে দোতালার উপর অবৈধ ভাবে টিনসেড দ্বারা তিন তলা করেছেন। | প্ল্যান ভহির্ভূত অবৈধ ভাবে টিনসেড দ্বারা তিন তলা নির্মিত অংশ অপসারণ করতে হবে। |

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে ক্রমিক নং- ০১ হতে ০৫ নং ক্রমিক পর্যন্ত প্রস্তাবনা মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহণের এবং ০৬ নং ক্রমিকে অবৈধ ভাবে টিন দ্বারা নির্মিত তৃতীয় তলার অংশটুকু অপসারণ পূর্বক অনুমোদিত ২য় তলা পর্যন্ত ব্যবহারের অনুমতি দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

**বিবিধ-০৪** ঃ **মানিকগঞ্জ জেলা ইজতেমার ইন্তেযামী (আয়োজন) ব্যবস্থাপনায় আর্থিক সহ সার্বিক সহযোগিতা প্রদানে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, মানিকগঞ্জ জেলা ইজতেমার আয়োজক কমিটি তাবলীগ জামাত বাংলাদেশ মানিকগঞ্জ শাখা আমীর জনাব মোঃ জাহাঙ্গীর আলম গত ২০/১০/২০২৩ খ্রি. তারিখে এক আবেদন দাখিল করেন। আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। আবেদন পত্রে উল্লেখ করেছেন আগামী ২৬ হতে ২৮ অক্টোবর ২০২৩ মানিকগঞ্জ পৌরসভার অন্তর্গত চরবেউথা (আম বাগান) জামে মসজিদ প্রাঙ্গনে ইজতেমা অনুষ্ঠিত হবে। এতে জেলায় বিপুল সংখ্যক ধর্মপ্রাণ মুসলমান ইজতেমায় হাজির হবে। আবেদন পত্রে আগত মেহমানদের জন্য পাকের ঘর নির্মাণ, পায়খানা নির্মাণ, প্রস্রাব খানা নির্মাণ সহ ইত্যাদি জরুরত সম্পন্নের লক্ষ্যে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা সহায়তা চেয়েছেন। ইজতেমা উপলক্ষে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে মেয়র ৭০,০০০/- (সত্তুর হাজার) টাকা প্রদানের লিখিত অনুমোদন দিয়েছেন। দাখিলকৃত আবেদনটির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে ইজতেমা উপলক্ষে আগত ধর্মপ্রাণ মুসলমানদের জন্য পাকের ঘর নির্মাণ, পায়খানা নির্মাণ, প্রস্রাব খানা নির্মাণ সহ ইত্যাদি জরুরত সম্পন্নের লক্ষ্যে ৭০,০০০/- (সত্তুর হাজার) টাকা পৌরসভার রাজস্ব তহবিল হতে অনুদান প্রদানের কার্যোত্তর অনুমোদনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

**বিবিধ-০৪** **মানিকগঞ্জ পৌরসভায় ব্যবহারের জন্য স্টেশনারী মালামাল ক্রয় সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

**আলোচনা** পৌর নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভার স্মারক নং-মাপৌ/প্রকৌঃ-২০২৩/৪০৯ তারিখ ঃ ২৪/০৫/২০২৩ খ্রি. মোতাবেক সোনালী পেপার হাউজ, শহীদ রফিক সড়ক, মানিকগঞ্জ-কে ০১(এক) বৎসর মেয়াদী পিপিআর- ২০০৮ (অংশ- ৭ এ ৮৯ এর ৪ অনুচ্ছেদ অনুযায়ী সর্ব নিম্ন দরদাতা হিসেবে (ফ্রেম ওয়ার্ক) পদ্ধতি অনুসরণ পূর্বক কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ মোতাবেক সোনালী পেপার হাউজ মানিকগঞ্জ পৌরসভায় স্টেশনারী মালামাল সরবরাহ প্রদান করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** বিস্তারিত আলোচনান্তে কার্যাদেশের চাহিদা মোতাবেক মানিকগঞ্জ পৌরসভায় ০১(এক) বৎসরের জন্য সরবরাহকৃত স্টেশনারী মালামালের বিল পৌরসভার রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং বর্তমানে চাহিদা কৃত মালামাল উক্ত প্রতিষ্ঠানের নিকট হতে সরবরাহ নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

পরিশেষে উপস্থিত সকল কাউন্সিলরদের সার্বিক সহযোগিতা কামনা করে এবং সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।
ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
manikganj_municipality@yahoo.com

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৩-১২৬৬ তারিখ ঃ তারিখ ঃ ২৩/১০/২০২৩ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ

০৩। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ

০৪। জনাব.......................................................................কাউন্সিলর(সকল), মানিকগঞ্জ পৌরসভা

০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা

০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা

০৭। জনাব ............................................পদবি.....................শাখা.....................মানিকগঞ্জ পৌরসভা

০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো

০৯। সংশ্লিষ্ট নথি

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।